



পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান



১০ জুন ২০২৪-সোমবার পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও বিশিষ্ট সমাজচিন্তক অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি।

শিশুরাই আমাদের ভবিষ্যৎ এবং তারাই বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাবে বলে মন্তব্য করে উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম বলেন, “পোগোজ স্কুল বাংলাদেশের প্রাচীনতম বেসরকারী স্কুল। ঐতিহাসিক এই শিক্ষা প্রতিষ্ঠান হতে উপমহাদেশের অনেক বিখ্যাত ব্যক্তিবর্গ পড়াশুনা করেছেন। অসাম্প্রদায়িক বাংলাদেশের রূপকচিত্র পোগোজ স্কুল ঘিরেই রয়েছে। পোগোজের পাশেই রয়েছে মসজিদ, মন্দির ও চার্চ। ভিন্ন ধর্মাবলম্বীরা নিশ্চিত্তে তাদের ধর্মীয় উৎসব পালন করছে।”

তিনি আরো বলেন, “আমাদের ক্লাসরুমে বাচ্চাদের অসাম্প্রদায়িক শিক্ষা দিতে হবে তাহলেই তারা সুনাগরিক ও সত্যিকারের মানবিক মানুষ হিসেবে গড়ে উঠতে পারবে। শিশুদেরকে আন্তর্জাতিক সনদে এবং আমাদের সংবিধানে উল্লেখিত



তাদের অধিকার সম্পর্কে অবহিত করতে হবে। শিশুদেরকে তাদের মত করে চলতে ও খেলতে দিতে হবে এবং তাদের মনের কথা বলতে দিতে হবে।”

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডির সভাপতি অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথিবৃন্দ হিসেবে ছিলেন উক্ত প্রতিষ্ঠানের গভর্নিং বডির সদস্যবৃন্দ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মোঃ আব্দুস সাত্তার।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টরবৃন্দ, পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক-শিক্ষার্থী এবং অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।